



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

২৭৩৯

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

নং- বামাশিবো/প্রশাসন/বরগুনা-৩০/ ২৬৭২

তারিখঃ ২২/০৮/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

- সূত্র: ১) নং- বামাশিবো/প্রশা/বরগুনা-৩০/২৩২৫, তারিখ: ২৯/০১/২০১৭খ্রিঃ।
২) নং- বামাশিবো/প্রশা/বরগুনা-৩০/২৪৯৯, তারিখ: ১৬/০৪/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার সদর উপজেলাধীন ক্রোক কেরামতিয়া ইসলামিয়া দাখিল মাদরাসার জুনিয়র শিক্ষক জনাব মোঃ শহিদুল ইসলাম এর বিরুদ্ধে বিগত ০৭/১২/২০১৬খ্রিঃ তারিখে মাদরাসা শিক্ষা অধ্যাদেশ, ১৯৭৮ এর ধারা-২৯ লঙ্ঘন করে পৌর কমিশনার পদে নিয়োজিত থাকা, মাদরাসায় নিয়মিত অনুপস্থিত থাকা সত্ত্বেও ম্যানেজিং কমিটি কর্তৃক কোন ব্যবস্থা না নেওয়াসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে জৈনক ছাত্র অভিভাবক জনাব এবরাহিম একথানা অভিযোগপত্র অত্র বোর্ডে দাখিল করেন। তারই প্রেক্ষিতে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে জুনিয়র শিক্ষক জনাব মোঃ শহিদুল ইসলাম কে সুস্পষ্ট ব্যাখ্যাসহ সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে জনাব মোঃ শহিদুল ইসলাম ০৮/০২/২০১৭খ্রিঃ তারিখে সুস্পষ্ট ব্যাখ্যাসহ সমর্থনীয় কাগজপত্র অত্র বোর্ডে দাখিল করেন, যা অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী গ্রহণযোগ্য মনে হয়নি।

মাদরাসা শিক্ষা অধ্যাদেশ, ১৯৭৮ এর ধারা-২৯ লঙ্ঘন করায় ক্রোক কেরামতিয়া ইসলামিয়া দাখিল মাদরাসার জুনিয়র শিক্ষক জনাব মোঃ শহিদুল ইসলামকে কারণ দর্শানোসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করে বোর্ড কর্তৃপক্ষকে অবগত করার জন্য মাদরাসার সুপার ও সভাপতিকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়। অদ্যাবধি কোন ব্যবস্থা নেয়া হয়নি বরং পুনরায় একই ধরনের জবাব সংযুক্ত করে বোর্ডে প্রেরণ করা হয়েছে, যা বোর্ডের আদেশ অমান্য করার সামিল।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮ (১) এর ক্ষমতাবলে অত্র দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৭২০/নথি নং-বরগুনা-৩০; তারিখঃ ১৫/১২/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেওয়া হবে না ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২১.০৪.১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১. সভাপতি, ক্রোক কেরামতিয়া ইসলামিয়া দাখিল মাদরাসা, পোঃ+ উপজেলা+ জেলা: বরগুনা।
২. সুপার, ক্রোক কেরামতিয়া ইসলামিয়া দাখিল মাদরাসা, পোঃ+ উপজেলা+ জেলা: বরগুনা।

নং- বামাশিবো/প্রশাসন/বরগুনা-৩০/

তারিখঃ /০৮/২০১৭ খ্রিঃ

সদস্য অবগতির জন্য ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, বরগুনা।।
- ২। জেলা শিক্ষা অফিসার, বরগুনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
- ৪। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪